একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

শেখ হাসিনার উদ্যোগ

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

**প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা**

দুরালাপনী
**জেনারেল ম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২**
**অফিস / অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০**
Web site : pbs.satkhira.gov.bd
E-mail : satkhirapbs@yahoo.com

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৫০৭৯.৫১৯.০১.০৩৮.২৩. ১৮২৭ তারিখঃ ২৮/০৭/১৪৩০ বঙ্গঃ / ১৩/১১/২০২৩ খ্রিঃ

"যানবাহন বীমা নবায়ন"-এর কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)
কোটেশন নম্বর: (১৬/২০২৩-২০২৪), তারিখ: ১৩/১১/২০২৩খ্রিঃ

প্রতি

...................................................................................................................................................

০১। জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পবিস এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম ২১/১১/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা-এ কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পাটকেলঘাটা, সাতক্ষীরা দাখিল করতে হবে। কোটেশনের খামে "যানবাহন বীমা নবায়ন"-এর জন্য কোটেশন লিখতে হবে। কোটেশন ২১/১১/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকায় খোলা হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। বীমা করণের লক্ষ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষ্য একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

০৯। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের পর প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১০। Bangladesh Motor Tariff Rules অনুযায়ী Private Use বিবেচনায় দর দাখিল করতে হবে। Private Use বিবেচনায় প্রিমিয়াম এর ক্ষেত্রে Basic, FIV, Act Liability Primium, NCB (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১ বছর।

১১। বর্নিত যানবাহনসমূহ ইন্স্যুরেন্স করার ক্ষেত্রে সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

ক) যে কোন ধরনের চুরি।
খ) যে কোন ধরনের দূর্ঘটনায় সংঘটিত ক্ষতি।
গ) যে কোন ধরনের সন্ত্রাসী কার্যকলাপের ফলে সংঘটিত ক্ষতি।
ঘ) ভূমিকম্পের ফলে সংঘটিত ক্ষতি।
ঙ) বন্যা, সাইক্লোনসহ যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগের ফলে সংঘটিত ক্ষতি।
চ) যে কোন ধরনের অগ্নিকান্ডের ফলে সংঘটিত ক্ষতি।

ছ) ড্রাইভার, যাত্রী, পথচারী, দোকানপাট ইত্যাদির ক্ষতি সাধন অর্থ্যাৎ ৩য় পক্ষীয় সকল প্রকার ক্ষতি।

১২। Bangladesh Motor Tariff Rules ব্যতীত দর দাখিল করা হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত কোটেশনের স্বপক্ষে Bangladesh Motor Tariff Rules অনুযায়ী উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে।

১৩। যদি চুক্তি সম্পাদন করা হয়,কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরণের কর, শুল্ক ও আবগাড়ী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১৪। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তি কালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৫। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, আয়কর প্রত্যয়ন ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৬। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৭। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৮। নির্ধারিত তারিখের মধ্যে পণ্য/সেবা সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরিত হলো।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবঃ পরিঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার-সাতক্ষীরা।
০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল মানেজার, ... .... .... .... .... .... .... পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, সাতক্ষীরা।
০৬। ডিজিএম- শ্যামনগর জোঃ অঃ, সাতক্ষীরা পবিস | দরপত্র মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, সাতক্ষীরা |
০৮। এজিএম –ওএন্ডএম/অর্থ/প্রশাসন, সাতক্ষীরা পবিস- দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।
০৯। এজিএম (আইটি), সাতক্ষীরা পবিস- ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১০। অফিস কপি/ মাষ্টার ফাইল।

(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: (১৬/২০২৩-২০২৪), তারিখ: ১৩/১১/২০২৩খ্রিঃ

প্রতি

**জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "যানবাহন বীমা নবায়ন"-এর জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ......................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয়আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৩/১১/২০২৩ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর: (১৬/২০২৩-২০২৪), তারিখ: ১৩/১১/২০২৩খ্রিঃ

| ক্রঃ নং | যানবাহনের বর্ণনা | সংখ্যা | -* | সীট সংখ্যা (চালকসহ) | তৈরীর সন | একক প্রিমিয়াম/ মূল্য | মোট প্রিমিয়াম (ভ্যাট ও আয়করসহ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অংকে | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | সাতক্ষীরা- ঠ-১১-০০২৯ ২৩৯৩ সিসি | ০১টি | ৫৫,৫৫,৮৯৪/- | ৫টি | ২০২০ | | | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেল ঘাটা, সাতক্ষীরা |
| ২. | সাতক্ষীরা- ঠ-১১-০০৩০ ২৩৯৩ সিসি | ০১টি | ৫৫,৫৫,৮৯৪/- | ৫টি | ২০২০ | | | |
| ৩. | সাতক্ষীরা হ-১২-৭৮৫৬ সিসি- ১২৫ | ০১ টি | ১৩৫৫০০ | ২টি | ২০১২ | | | |
| ৪. | সাতক্ষীরা হ-১২-৭৮৫৭ সিসি- ১২৫ | ০১ টি | ১৩৫৫০০ | ২টি | ২০১২ | | | |
| ৫. | সাতক্ষীরা হ-১৩-০০৩৪ সিসি- ১২৫ | ০১ টি | ১৩৫৫০০ | ২টি | ২০১২ | | | |
| ৬. | সাতক্ষীরা হ-১৩-০০৩৫ সিসি- ১২৫ | ০১ টি | ১৩৫৫০০ | ২টি | ২০১২ | | | |
| ৭. | সাতক্ষীরা হ-১৩-০০৩৬ সিসি- ১২৫ | ০১ টি | ১৩৫৫০০ | ২টি | ২০১২ | | | |
| ৮. | সাতক্ষীরা হ-১৩-০০৩৭ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ৯. | সাতক্ষীরা হ-১৩-০০৩৮ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১০. | সাতক্ষীরা হ-১৩-০০৩৯ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১১. | সাতক্ষীরা হ-১৩-০০৪০ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১২. | সাতক্ষীরা হ-১৩-০০৪১ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৩. | সাতক্ষীরা হ-১৩-০০৪২ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৪. | সাতক্ষীরা হ-১৩-০০৪৩ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৫. | সাতক্ষীরা হ-১৩-০৩৯৫ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৬. | সাতক্ষীরা হ-১৩-০৪১৩ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৭. | সাতক্ষীরা হ-১৩-০৪১৪ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৮. | সাতক্ষীরা হ-১৩-০৪১৫ সিসি- ১২৫ | ০১ টি | ১৪৮০০০ | ২টি | ২০১৪ | | | |
| ১৯. | সাতক্ষীরা হ-১৩-৭৬৮৭ সিসি- ১২৫ | ০১ টি | ১৩১৫০০ | ২টি | ২০১৫ | | | |
| ২০. | সাতক্ষীরা হ-১৩-৭৬৮৮ সিসি- ১২৫ | ০১ টি | ১৩১৫০০ | ২টি | ২০১৫ | | | |
| ২১. | সাতক্ষীরা হ-১৩-৭৬৮৯ সিসি- ১২৫ | ০১ টি | ১৩১৫০০ | ২টি | ২০১৫ | | | |
| ২২. | সাতক্ষীরা হ-১৩-৭৬৯০ সিসি- ১২৫ | ০১ টি | ১৩১৫০০ | ২টি | ২০১৫ | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩. | সাতক্ষীরা হ-১৪-৪৩১৬<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৬ | | | |
| ২৪. | সাতক্ষীরা হ-১৪-৪৩১৭<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৬ | | | |
| ২৫. | সাতক্ষীরা হ-১৪-৪৩১৮<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৬ | | | |
| ২৬. | সাতক্ষীরা হ-১৪-৪৩১৯<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৬ | | | |
| ২৭. | সাতক্ষীরা হ-১৫-৭০২৮<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ২৮. | সাতক্ষীরা হ-১৫-৭০২৯<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ২৯. | সাতক্ষীরা হ-১৫-৭০৩০<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩০. | সাতক্ষীরা হ-১৫-৭০৩১<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেল ঘাটা, সাতক্ষীরা |
| ৩১. | সাতক্ষীরা হ-১৫-৭০৩২<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩২. | সাতক্ষীরা হ-১৫-৭০৩৩<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৩ | সাতক্ষীরা হ-১৫-৭০৩৪<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৪. | সাতক্ষীরা হ-১৫-৭০৩৫<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৫. | সাতক্ষীরা হ-১৫-৮৯৭৭<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৬. | সাতক্ষীরা হ-১৫-৮৯৭৮<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৭. | সাতক্ষীরা হ-১৫-৮৯৭৯<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৮. | সাতক্ষীরা হ-১৫-৮৯৮০<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৩৯. | সাতক্ষীরা হ-১৫-৮৯৮১<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৪০০০০ | ২টি | ২০১৭ | | | |
| ৪০. | সাতক্ষীরা হ-১৮-৩১৬০<br>সিসি- ১২৫ | ০১ টি | ১৩৮৯০০ | ২টি | ২০২২ | | | |
| | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | অংকে<br>কথায় | | | | |

| | | |
|---|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | | ০৭ নং কলামে নির্দেশিত স্থানে। |
| মোট মূল্য টাকায় (কথায়) | | [উপরোল্লিখিত তফশীলের ৭ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে[-----] টি** সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।** আমার/আমাদের প্রস্তাবদিন/মাস/বছর পর্যন্ত **বৈধ [কোটেশনের বৈধতার তারিখ** লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম | |

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশন নম্বর: (১৬/২০২৩-২০২৪), তারিখ: ১৩/১১/২০২৩খ্রিঃ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

টীকা:

১। কলাম ১, ২ ও ৩ ক্রয়কারী এবং কলাম ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

৩। Bangladesh Motor Tariff Rule অনুযায়ী দর দাখিল করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহন সমূহের Private Use বিবেচনায় প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অন্যথায় দাখিলকৃত কোটেশন বাতিল বলে গণ্য হবে। বীমার মেয়াদ হবে ০১ (এক) বছর।

৪। **আগামী ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বর্ণিত বীমার কার্যাদি সম্পন্ন করতে হবে।**

৫। সকল দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।

৬। বীমার ধরণ হবে কম্প্রিহেনসিভ (ব্যাপক ঝুঁকি বীমা)। কোন প্রকার ঝুঁকি বাদ দিয়ে দর দাখিল করা যাবে না।

৭। এনসিবি ও ডিসকাউন্ট অবশ্যই Motor Tariff Rule অনুযায়ী দাখিল করতে হবে এবং তার স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযোজন করতে হবে। নিয়ম বহির্ভূতভাবে এনসিবি ও ডিসকাউন্ট দাখিল করা হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গন্য হবে।

৮। শর্তাবলিতে উল্লেখ নাই এমন কোন বিষয়ের উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ১০(দশ)দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়--------------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (জিয়াউর রহমান)<br>জেনারেল ম্যানেজার<br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি<br>পাটকেলঘাটা, সাতক্ষীরা | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |